

জাগরণে যায় বিভাবরী—

আঁখি হতে ঘুম নিল হরি মরি মরি ॥

যার লাগি ফিরি একা একা— আঁখি পিপাসিত, নাহি দেখা,
তারি বাঁশি ওগো তারি বাঁশি তারি বাঁশি বাজে হিয়া ভরি মরি মরি ॥

বাণী নাহি, তবু কানে কানে কী যে শুনি তাহা কেবা জানে ।

এই হিয়াভরা বেদনাতে, বারি-ছলোছলো আঁখিপাতে,
ছায়া দোলে তারি ছায়া দোলে ছায়া দোলে দিবানিশি ধরি মরি মরি ॥

Parjaay: Prem, Taal: Kaharwa, Raag: Behag

Visit www.geetabitan.com for notation and other detail